




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮. ২৭৭

তারিখ: ১৮/০৯/২০১৮ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটি বিগত ০১ জুলাই'২০১৮ তারিখ হতে কর্মসূচি আকারে চলমান রয়েছে। কর্মসূচির আওতায় কার্যক্রম পরিচালনার স্বার্থে সমাপ্তকৃত প্রকল্পের বিদ্যমান জনবলের মধ্য হতে কার্যক্রম মূল্যায়নপূর্বক কর্মকর্তা-কর্মচারী-কে কর্মসূচি চলাকালীন সময়ের জন্য কর্মসূচিতে স্থানান্তর করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে অদ্যাবধি অধিকাংশ জনবল তাদের দায়দেনার ক্ষেত্রে বৈধ অভিভাবক কর্তৃক ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পরিশোধের অঙ্গিকারনামাসহ যোগদানপত্র দাখিল করেন নি। এমতাবস্থায়, অঙ্গিকারনামাসহ যোগদানপত্র উপজেলা কার্যালয়ে দাখিল না করা পর্যন্ত বেতনভাতা স্থগিত রাখার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের প্রত্যেক পৃষ্ঠায় বৈধ অভিভাবক এর স্বাক্ষর থাকতে হবে।


মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন : ৮১৮০১৪৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ----- (প্রকল্পভূক্ত সকল জেলা)।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ -----জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
(প্রকল্পের জনবলের দাখিলকৃত অঙ্গিকারনামাসহ যোগদানপত্র এর মূল কপি ১০/১০/২০১৮ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ এবং ছায়া লিপি উপজেলা দপ্তরে সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।)
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৪. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৫. মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৬. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. পরিচালক (প্রশাসন/সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।